

মাধ্যমিক হিসাব বিজ্ঞান বইয়ে বিভ্রান্তি

আমরা ২০০০ সালের 'ব্যবসায় শিক্ষা' বিভাগের ছাত্ররা হিসাব বিজ্ঞান বইয়ের চূড়ান্ত হিসাব নিয়ে বড় সমস্যায় আছি। সমস্যাটি হলো উত্তোলনের সুদ নিয়ে। প্রচলিত সব ক্ষেত্রে উত্তোলনের সুদের পাশে তারিখ দেয়া না থাকলে ছয় মাসের ধরতে হয়। কিন্তু আমাদের বইয়ের উদাহরণের একটি অঙ্কে এক বছর ধরা হয়েছে (পৃষ্ঠা নং-১৯০-১৯৩)। এখন কোন কোন শিক্ষক বলেন ৬ মাসেরই ধরতে হবে আবার কেউ বলেন বই অনুযায়ী এক বছরের ধরতে হবে। এসএসসি পরীক্ষার পর বোর্ডে মিটিং বসে একটি সিদ্ধান্ত দেয়া হয়ে থাকে। কিন্তু ততদিনে আমাদের যা ক্ষতি হবার তা হয়ে যাবে। পরীক্ষায় কেউ ছয় মাসের সুদ ধরবে আবার কেউ ১ বছরের। সুতরাং কারটি সঠিক হবে তা বলা মুশকিল। এই চূড়ান্ত হিসাবের ওপর আমাদের দেশের অনেক ছাত্রছাত্রীর লেটার মার্ক এমনকি পাস-ফেল নির্ভর করে। অতএব, বিলম্ব না করে শীঘ্রই এ ব্যাপারে একটি চূড়ান্ত নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ জানাচ্ছি।

মোঃ সায়েম-উর-রহমান
এসএসসি পরীক্ষার্থী।
আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ
ঢাকা